# My Options



# গর্ভপাত সংক্রান্ত তথ্য এবং শ্রবণ সহায়তা

গর্ভপাত পরিষেবা কীভাবে পেতে হয় সে সম্পর্কে এইচএসই -র মাই অপশন্স হেল্পলাইন তথ্য প্রদান করে।

সব জিপি বা চিকিৎসকগণ গর্ভপাত সংক্রান্ত পরিচর্যা প্রদান করেন না। এই হেল্পলাইনটি সেইসব জিপি বা চিকিৎসক এবং পরিবার পরিকল্পনা ক্লিনিকগুলির সাথে যোগাযোগ করার বিবরণ প্রদান করতে পারে যারা এটি প্রদান করে।

অপরিকল্পিত গর্ভাবস্থার সম্মুখীন হওয়া যে কারুর জন্য শ্রবণ সহায়তাও উপলব্ধ রয়েছে।

**ফ্রিফোন 1800 828 010**

সোমবার-বৃহস্পতিবার: সকাল 9টা থেকে রাত 8টা
শুক্রবার: সকাল 9টা থেকে সন্ধ্যা 7টা
শনিবার: সকাল 10টা থেকে দুপুর 2টা

গর্ভপাত পরবর্তী চিকিৎসা সংক্রান্ত পরামর্শ হেল্পলাইনে 24 ঘন্টা, সপ্তাহের ৭ দিনই পাওয়া যায়।

ওয়েবসাইট **myoptions.ie** তেও উপলব্ধ।

HSE

## গর্ভপাত সংক্রান্ত পরিষেবা তথ্য, গর্ভপাতের সময় এবং তার পরে চিকিৎসা সহায়তা সহ।

যদি আপনি গর্ভপাত করার সিদ্ধান্ত নিয়ে থাকেন, তাহলে গর্ভপাত সংক্রান্ত পরিচর্যা প্রদানকারী জিপি বা চিকিৎসক এবং পরিবার পরিকল্পনা ক্লিনিকগুলির সাথে যোগাযোগ করার বিশদ বিবরণ জানতে আপনি এইচএসই-র মাই অপশন্স হেল্পলাইনে কল করতে পারেন। সব জিপি গর্ভপাত সংক্রান্ত পরিষেবা প্রদান করেন না।

যদি আপনার গর্ভপাত হয়ে থাকে, তাহলে হেল্পলাইনে নার্সদের কাছ থেকে চিকিৎসা সংক্রান্ত পরামর্শ পাওয়া যাবে, দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন।

## শ্রবণ সহায়তা এবং পরামর্শ

মাই অপশন্স ফোন এবং ওয়েবসাইটের মাধ্যমে শ্রবণ সহায়তা প্রদান করে। আপনি পেশাদার, অভিজ্ঞ পরামর্শদাতাদের সাথে বিনামূল্যে কথা বলতে পারেন। আমরা আপনার সিদ্ধান্তকে প্রভাবিত করার চেষ্টা করব না এবং আপনাকে কেবল কথা বলে, সহায়তা করে এবং তথ্য দিয়ে সাহায্য করবো।

আপনাকে বিনামূল্যে পরামর্শ প্রদান করা হবে। এই পরিষেবাটি ফোনের মাধ্যমে প্রদান করা হয়। নিজের গর্ভাবস্থা সম্পর্কে অথবা গর্ভপাত-পরবর্তী সহায়তার জন্য আপনি একজন কাউন্সেলরের সাথে কথা বলতে পারেন। আপনার সঙ্গী এবং পরিবারের সদস্যদের জন্যও কাউন্সেলিং উপলব্ধ।

যদি ইংরেজি আপনার মাতৃভাষা না হয়, তাহলে হেল্পলাইনে কল করুন অথবা আপনার বিশ্বস্ত কাউকে সেখানে ফোন করতে বলুন। আমরা 240 টি ভাষায় দোভাষীর মাধ্যমে সহায়তা প্রদান করতে পারি। আমাদের জানান আপনি কোন ভাষায় কথা বলেন এবং আপনার ফোন নম্বর । আমরা একজন দোভাষীর সাহায্যে আপনাকে আবার ফোন করব।

17 টি ভাষায় মাই অপশন্স সম্পর্কে তথ্য এখানে অন্তর্ভুক্ত করা হয়েছে:hse.ie/myhealthmylanguage

**ফ্রিফোন 1800 828 010**

**myoptions.ie**-এ তথ্য এবং শ্রবণ সহায়তার জন্য ওয়েবসাইটও উপলব্ধ।